

# কলেজ পর্যায়ে ক্রীড়া সামগ্রী দেবে মাউশি, ২৫ জুনের মধ্যে আবেদন

বাসস

প্রকাশ: ২২ জুন, ২০২৬ ১৪:২৯



সংগৃহীত ছবি

দেশের কলেজ পর্যায়ে ঢাকা, কুমিল্লা ও রংপুর শিক্ষা অঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ক্রীড়া সামগ্রী বিতরণ করবে সরকার। আগ্রহী কলেজগুলোকে আগামী ২৫ জুনের মধ্যে আবেদন করতে বলা হয়েছে।

আজ সোমবার মাউশির শারীরিক শিক্ষা শাখার এক আদেশে এ তথ্য জানানো হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) শারীরিক শিক্ষা শাখার তত্ত্বাবধানে এই কার্যক্রম পরিচালিত হবে।

আদেশে বলা হয়, ঢাকা, কুমিল্লা ও রংপুর শিক্ষা অঞ্চলের অধীনস্থ আগ্রহী কলেজগুলোকে ক্রীড়াসামগ্রী পাওয়ার জন্য আগামী ২৫ জুন বিকেল ৪টার মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।